



মৌমাছি স্কুল

Moumachi School

An Educational Institution for Early Childhood Development

Date : 06 JAN 2025

অভিভাবক সভা - ২০২৫

সুহৃদ, শুভেচ্ছা নিবেন। মৌমাছি স্কুল অভিভাবকের সাথে যৌথ উদ্যোগে শিশুদের উন্নয়ন ও সঠিক বিকাশের পরিকল্পনা গঠন করে। অভিভাবকদের গঠনমূলক মতামত ও সুদূরপ্রসারী চিন্তা শিশুর উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ যা স্কুল কর্তৃপক্ষের সাথে আলোচনা হওয়া জরুরী।

আমাদের ধারাবাহিক এই প্রচেষ্টাকে সফল করতে এবং নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর নিমিত্তে মৌমাছি স্কুল প্রতি বছরের ন্যায় এবারও ২০২৫ সেশনের সকল অভিভাবকদের সাথে অভিভাবক সভার আয়োজন করেছে যা আমাদের সন্তানের উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

২০২৫ সেশনে অভিভাবক সভা অনুষ্ঠিত হবে -

আগামী ১১.০১.২০২৫ তারিখ শনিবার

বেবি বী ও বেসিক-১ ক্লাস সমূহের ভর্তিকৃত সকল শিশুদের অভিভাবক

প্রাক-প্রাথমিক শাখা

অভিভাবক সভা চলবে সকাল ১০:৩০ মিনিট থেকে সকাল ১২:৩০ মিনিট পর্যন্ত।

মৌমাছি স্কুলে আমাদের শিশুদের সুশৃঙ্খল জীবন-যাপন ও মেধার বিকাশে গৃহীত সকল পদক্ষেপের প্রতিটি মুহূর্তে আপনাদের সহযোগিতা একান্ত ভাবে কামনা করছি। অভিভাবক সভাতে আমাদের শিশুদের সুসম বিকাশে আপনার সকল পরামর্শ এবং মতামত আমাদের সাথে থাকবে বলে আশা করছি।

সর্বোপরি আমরা আশা করি যে, আপনাদের সর্বাত্মক সহযোগিতায় আমাদের শিশুরা আগামী দিনের জন্য সম্ভাবনাময় প্রজন্ম হিসেবে গড়ে উঠবে। মৌমাছি স্কুলের প্রতি আপনাদের গভীর ভালোবাসা ও বিশ্বাস আমাদের জন্য অনুপ্রেরণা।

শুভেচ্ছান্তে

প্রধান শিক্ষক

মৌমাছি স্কুল

যশোর।

১২৪৫, শাহ আব্দুল করিম রোড, খড়কি, যশোর। ১২৪৫, Shah Abdul Karim Road, Kharki, Jashore.

১০১৩১২-১৭১৭৭০ ✉ moumachi.edu@gmail.com f /moumachischool y /moumachischool